মেহেরপুরের বলিয়ারপুরে চেয়ারম্যান প্রার্থীর আলোচনা সভা

মেহেরপুর সদরের বলিয়ারপুরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মেহেরপুর উপজেলার পিরোজপুর ইউনিয়নের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার রাতে মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর বাজারে এ সভা অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আজিবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউপি সদস্য ওহিদুর রহমান ডাবলু।

বক্তব্য রাখেন সিরাজুল ইসলাম, মিরাজ সর্দার, তৌহিদুল ইসলাম, মুছাদ আলী, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক প্রতিক প্রমুখ।

গাংনীতে ভোট প্রার্থনা করে ছাত্রলীগের লিফলেট বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে ভোট প্রার্থনা করে লিফলেট বিতরণ করেছে ছাত্রলীগ নেতা কর্মীরা।

সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে গতকাল রবিবার বিকালে গাংনী বাজারের বিভিন্ন দোকান ও বাড়ি বাড়ি গিয়ে নৌকা প্রতীকে ভোট প্রার্থনা করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের নেতৃত্বে ছাত্রলীগ নেতা কর্মীরা।

এ সময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ,

সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাজাহান আলী, সহ-সভাপতি সোহান, যুগ্ম সম্পাদক রবিন, সাংগঠনিক সম্পাদক আশিকুর রহমান সাগর, ছাত্রলীগ নেতা রাকিবুল ইসলাম টুটুল, হিরোক ও মুন্নাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর শহর আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গবন্ধু‘র স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও ৱ্যালির আয়োজন করা হয়। রবিবারের সকাল ১১টার সময় মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে উপজেলা পরিষদে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম এর সভাপতিত্বে এবং পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি জশিউর রহমান বকুল এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলম, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আকতার হোসেন, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রেজা। অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর রহমান পেলেন, সদর থানা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল খান, জেলা ছাত্রলীগের প্রচার সম্পাদক শেখ শান্ত, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ নেতা আবু মোর্শেদ শোভন সরকার, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক গোলাম রাব্বী রবিন, মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাসুদ ও দপ্তর সম্পাদক সাইফুল ইসলাম শাকিল,

মেহেরপুর পৌরসভার ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হামিদুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা সেখানে উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে র্যালী বের করা হয়। মেহেরপুর সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে র্যালীটি মেহেরপুর জেলা পরিষদে গিয়ে শেষ হয়।

গাংনী পৌর নির্বাচনে বিদ্রোহী প্রার্থী আশরাফুলকে যুবলীগ থেকে অব্যহতি

মেহেরপুর গাংনী পৌরসভা নির্বাচনে মেয়র পদে দলীয় প্রার্থীর বিরুদ্ধে নির্বাচন করায় স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামকে দল থেকে অব্যহতি দিয়েছে জেলা যুবলীগ।

আজ শনিবার বিকেলে গাংনী বাস স্ট্যান্ডে এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় যুবলীগের সিদ্ধান্তে আশরাফুল ইসলামের অব্যহতির বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর জেলা যুবলীগ আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

আশরাফুল ইসলাম মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য ছিলেন।

শেখ হাসিনার উন্নয়ন কর্মকাণ্ড চলামান রাখতে গাংনী পৌরসভায় নৌকা প্রতীক বিজয়ী করতে আহবান জানান মাহফুজুর রহমান।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ও উপজেলা যুুবলীগ নেতৃবৃন্দ। এর আগে গাংনী শহরের বিভিন্ন স্থানে নৌকার পক্ষে গণসংযোগ করেন মাহফুজুর রহমান রিটনসহ যুবলীগ নেতৃবৃন্দ।

গাংনী পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী। বর্তমান মেয়র আশরাফুল ইসলাম দলীয় মনোনয়ন প্রত্যাশী ছিলেন।

তবে ২০১৫ সালের নির্বাচনে তিনি বিদ্রোহী প্রার্থী থাকায় স্থানীয় মনোনয়ন বোর্ড থেকে ছিটকে পড়েন তিনি। আগামি ১৬ জানুয়ারী গাংনী পৌরসভা নির্বাচনে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দীতা করছেন।

সম্মিলিত পেশাজীবী পরিষদের উদ্যোগে ধানের শীষের প্রচারণা

বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে কুষ্টিয়া পৌরসভার মেয়র হিসেবে বিএনপির সমর্থিত ধানের শীষের প্রার্থী বশিরুল আলম চাঁদের পক্ষে প্রচারণা চালিয়েছে।

বৃহস্পতিবার দিনভর সংগঠনের সদস্য সচিব এ্যাড শামীম উল হাসান অপুর নেতৃত্বে কুষ্টিয়া কোর্ট এলাকায় এসব প্রচারণা চালানো হয়।

এসময় নির্বাচনী প্রচারণায় উপস্থিত ছিলেন এ্যাড. ইকবাল হোসেন, এ্যাড. নুরুল ইসলাম, এ্যাড. ইকবাল খান, এ্যাড.আশরাফুল রেজা শিমুল, এ্যাড. আবুল হাসিম বাদশা, এ্যাড. হাফিজুর রহমান হিরা, এ্যাড. খাইরুল ইসলাম, শিক্ষানবিশ এ্যাড. মোঃ বকুল আলী, ইসতিয়াক মাহাম্মুদ শিবলু, মোঃ মুজিবুল ইসলাম, জেলা যুবদলের আইন বিষায়ক সম্পাদক আশরাফুল হোসেন নয়ন, সাবেক ছাত্রনেতা মমিনুল ইসলাম মমিন, স্বেচ্ছাসেবক দলের নেতা শরিফুল ইসলাম, আব্দুল্লাহ আল নোমান প্রমুখ।

দামুড়হুদায় নিত্য প্রয়োজনীয়

দ্রব্যের লাগামহীন মূল্য বৃদ্ধির প্রতিবাদে বিএনপি’র মানববন্ধন

চুয়াডাঙ্গা দামুড়হুদায় চাল- ডাল, তেল, কৃষি পণ্য সহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের লাগামহীন ঊর্ধ্বগতির প্রতিবাদে দামুুুুড়হুদায় মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার দিকে চুুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বিএনপি’র অস্থায়ী কার্যালয়ের সামনে উপজেলা বিএনপির উদ্যোগে নেতা কর্মীদের উপস্থিতে এই কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে উপজেলার ৮ টি ইউনিয়নের বিএনপি, যুবদল, সেচ্ছাসেবীদল ও ছাত্র দলের নেতারা উপস্থিত ছিলেন।

এ সময় বক্তব্য রাখেন-দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান রফিকুল হাসান তনু, সহ-সভাপতি মোক্কারেম হোসেন, সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী, সদর ইউনিয়ন সভাপতি রহমান মালিতা, বিএনপি নেতা আশরাফুল হক, যুবদল নেতা প্রফেসর আবুল হাশেম মালিথা, আরিফুল ইসলাম, উপজেলা ছাত্র দলের আহ্বায়ক আফজালপুর রহমান সবুজ।

মানববন্ধনে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, ‘নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বর্তমানে এমনভাবে বৃদ্ধি পেয়েছে, যা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে। এভাবে চলতে থাকলে সাধারণ মানুষকে না খেয়ে থাকতে হবে। অবিলম্বে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যে চাল-ডাল, তেলসহ নিত্য প্রয়োজনীয় বাজার নিয়ন্ত্রণে সরকারের নিকট জোর দাবী জানন।

সরকারের নানামুখী তৎপরতার পরও ভোজ্য তেল, চাল, ডালসহ বিভিন্ন নিত্য পণ্যের দাম নিয়ন্ত্রণে আনাতে পারছেন না, আমাদের সরকারের আমলে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রি সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে ছিল।

ঝিনাইদহে বিএনপির মানববন্ধনে পুলিশের বাঁধা

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ ও বাণিজ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে ঝিনাইদহে কেন্দ্রীয় কর্মসূচী পুলিশের বাঁধায় পালন করতে পারেনি বিএনপি।

কর্মসূচী পালন উপলক্ষে বৃহস্পতিবার সকালে শহরের এইচএসএস সড়কে দলটির জেলা কার্যালয়ে দলীয় নেতাকর্মীরা জড়ো হতে শুরু করে।

সকাল ১১ টার দিকে মানবন্ধনের প্রস্তুতি নিলে পুলিশ তাদের সেখান থেকে ছত্রভঙ্গ করে দেয়।

বেশিরভাগ নেতাকর্মী চলে গেছে কিছু সংখ্যক নেতাকর্মী ব্যানার নিয়ে দাড়াতে গেলে পুলিশ ব্যানার কেড়ে নেয়। পুলিশের বাঁধায় মানবন্ধন বা সমাবেশ করতে না পাড়ায় ফিরে যায় নেতাকর্মীরা।

জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম মজিদ বলেন, কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে আমাদের শান্তিপুর্ণ মানববন্ধন কর্মসূচী ছিল। মানববন্ধনে দাড়ানোর আগেই পুলিশ নেতাকর্মীদের চলে যেতে বলে। আমরা কয়েকজন নেতাকর্মী ব্যানার নিয়ে দাড়ানো চেষ্টা করলে তারা ব্যানারও কেড়ে নেই। গণতান্ত্রিক দেশে শান্তিপুর্ণ একটি কর্মসূচীও পুলিশ করতে দিল না।

আগের চেয়ে ভালো আছেন মওদুদ, চেয়েছেন দোয়া

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সাবেক, মন্ত্রী ও সুপ্রিম কোর্টের প্রবীণ আইনজীবী মওদুদ আহমদের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে।

বুধবার (৬ জানুয়ারি) বিকেল ৩টার দিকে বিএনপির ভাইস চেয়ারম্যান ডা. এজেডএম জাহিদ হোসেন জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন।

ডা. জাহিদ বলেন, ব্যারিস্টার মওদুদ সাহেব দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন। আলহামদুলিল্লাহ তিনি আগের চেয়ে ভালো আছেন।

জানা গেছে, আজ দুপুর ২টার পর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও ডা. জাহিদ হোসেন ব্যারিস্টার মওদুদ আহমদের সঙ্গে দেখা করেন।

গত ২৯ ডিসেম্বর ব্যারিস্টার মওদুদ অসুস্থ হয়ে পড়লে তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে ভর্তি করা হয়। প্রফেসর শাহাবুদ্দিন আহমেদ তালুকদারের তত্ত্বাবধায়নে চিকিৎসাধীন তিনি।

হাসপাতাল সূত্রে জানা গেছে, মওদুদ আহমদের রক্তের হিমোগ্লোবিন কমে গিয়েছিল। ভর্তি হওয়ার পর দুবার তার কোভিড-১৯ পরীক্ষা করা হয়। তার করোনা পরীক্ষার ফল নেগেটিভ এসেছে।

বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মহাসচিবসহ দলের নেতারা মওদুদ আহমদের খোঁজ-খবর রাখছেন।

ইসির পদত্যাগ দাবিতে বিএনপির মানববন্ধন পেছাল

নির্বাচন কমিশনের (ইসি) পদত্যাগের দাবিতে বিএনপির মানববন্ধনের কর্মসূচি একদিন পিছিয়ে দেওয়া হয়েছে। ১০ জানুয়ারির পরিবর্তে এ কর্মসূচি পরদিন ১১ জানুয়ারি পালিত হবে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী গতকাল এই তথ্য জানান।

তিনি বলেন, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি’র উদ্যোগে ১১ জানুয়ারি জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ১১টায় এ কর্মসূচি পালিত

হবে। তবে ৭ জানুয়ারি দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে এবং বাণিজ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিএনপি’র কেন্দ্র ঘোষিত মানববন্ধন কর্মসূচিটি অপরিবর্তিত থাকবে।

দেশবাসীসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের সব পর্যায়ের নেতাকর্মীকে ঘোষিত কর্মসূচি সফল করার আহ্বান জানান তিনি।

সবাইকে সাথে নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চান হানিফ

সবাইকে সাথে নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চান আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

তিনি বলেন, নিরাপদ দেশ ও জেলা গড়তে সবকিছু করা হবে।’এই নাগরিক কমিটি জেলার সামগ্রিক উন্নয়ন, আইনশৃঙ্খলাসহ সব বিষয়ে সচেতনতার সঙ্গে দায়িত্ব পালন করবে। তারাই সমাজের মূল প্রতিনিধি। এই অরাজনৈতিক প্ল্যাটফর্মের সবাই থাকবেন রাজনীতির ঊর্ধ্বে।

উপস্থিত সবাইকে কুষ্টিয়ার প্রাণশক্তি আখ্যায়িত করে তিনি বলেন, ‘আপনাদের নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চাই। যেখানে কোনো রাজনৈতিক প্রতিহিংসা বা দলাদলি থাকবে না। নিরাপদ দেশ ও জেলা গড়তে সবকিছু করা হবে।’

সোমবার রাতে শহরের দিশা মিলনায়তনে কুষ্টিয়ার আগামীর উন্নয়ন ভাবনা নিয়ে রাজনৈতিক অঙ্গনের বাইরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মতবিনিময় শেষে নাগরিক কমিটির অনুষ্ঠানে তিনি একথা বলেন।

হানিফ বলেন, আপনারা কুষ্টিয়ার উন্নয়নের জন্য বিভিন্ন পর্যায় থেকে যে পরামর্শ দিলেন আমি তা নোট করে রেখেছি। কুষ্টিয়ার উন্নয়নে আমার যে পরিকল্পনা আছে তার বাইরে আপনারা যে পরামর্শ দিলেন তা সমন্বয় করে বাস্তবায়নের চেষ্টা করবো।

তিনি বলেন, কুষ্টিয়া চিনিকল বিদেশি বিনিয়োগের মাধ্যমে আধুনিক চিনিকল প্রতিষ্ঠার চেষ্টা চলছে। পরিবেশগত কারণে মোহিনী মিল আর চালু করা সম্ভব হবে না, তবে সেখানে একটি ঐতিহ্যবাহী জাদুঘর গড়ে তোলার চেষ্টা করবো।আওয়ামীলীগের এই নেতা আরও বলেন, অরাজনৈতিক বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এগিয়ে আসলে সবার সমন্বয়ে উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে।

পরে কুষ্টিয়া মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ এস এম মুসতানজিদকে আহ্বায়ক ও কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ আইন বিভাগের শিক্ষক সেলিম তোহাকে সদস্যসচিব করে এবং সভায় উপস্থিত সবাইকে সদস্য হিসেবে ঘোষণা করে নাগরিক কমিটির ঘোষণা করেন হানিফ।

সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, প্রকৌশলী, ব্যবসায়ী, কবি, প্রাবন্ধিক, লেখক, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার অন্তত ৫০ জন উপস্থিত ছিলেন। তাঁরা জেলার নানা সমস্যা ও সম্ভাবনা নিয়ে বক্তব্য দেন। সবার বক্তব্য শুনে হানিফ বলেন, জেলার উন্নয়নে আধুনিক মানের হাসপাতাল, ইংরেজি মাধ্যমের উন্নত মানের শিক্ষাপ্রতিষ্ঠানসহ যা যা করা প্রয়োজন, তার সবই করা হবে। তিনি নাগরিক কমিটিকে জেলার উন্নয়নের জন্য সব সময় পরামর্শ ও দিকনির্দেশনা দেওয়ার আহ্বান জানান।